

নং-৪০.০০.০০০০.০১১.১১.০০১.১৭-১৩

২১.০৯.১৪২৪  
তারিখ-----  
০৪.০১.২০১৮

### নিয়োগপত্র

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নে বর্ণিত প্রার্থীর পুলিশ তদন্ত প্রতিবেদন এবং স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট সন্তোষজনক হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী এবং প্রচলিত সরকারি অন্যান্য ভাতাদি প্রদান সাপেক্ষে রাজস্ব খাতের স্থায়ী পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নের পদ ও বেতন স্কেলে তাকে নিয়োক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র/নং	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড
১।	জনাব মোঃ হাসিনুর রহমান পিতাঃ জনাব মোঃ সোলায়মান হোসেন	গ্রাম: পাকুড়িয়া, পো: বাঘা, উপজেলা: বাঘা, জেলা: রাজশাহী।	অফিস সহায়ক	৮২৫০-২০,০১০/- (গ্রেড-২০)

#### শর্তাবলীঃ

- এই পদে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসর তাঁর চাকরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।
- শিক্ষানবিশকালে তাঁর আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা হবে।
- চাকরির জ্যেষ্ঠতা মেধা তালিকা মোতাবেক নির্ধারিত হবে। আগে যোগদানের ক্ষেত্রে জ্যেষ্ঠতা ক্ষুণ্ণ হবে না।
- এ পদের যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে তাঁর চাকরি স্থায়ী করা হবে।
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে চাকরিসংক্রান্ত সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।
- তিনি আগামী ৩১-০১-২০১৮ তারিখের মধ্যে যোগদান করবেন। অন্যথায় এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- চাকরি হতে ইস্তফা প্রদানের প্রয়োজন হলে ০১ মাস পূর্বে কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
- এ চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগপত্র জারী করা হলো।

(এ বি এম সিরাজুল হক)  
উপসচিব (প্রশাসন শাখা)  
ফোনঃ ৯৫১৪০৭৩

ইমেইলঃ [dsadmin@mole.gov.bd](mailto:dsadmin@mole.gov.bd)

নং-৪০.০০.০০০০.০১১.১১.০০১.১৭-১৩/১(১৩)

২১.০৯.১৪২৪  
তারিখ-----  
০৪.০১.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব, নিরাপত্তা অধিশাখা-২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
- ৬। সিভিল সার্জন, ঢাকা/সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। সিষ্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। যুগ্ম-সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। জনাব মোঃ হাসিনুর রহমান, গ্রাম: পাকুড়িয়া, পো: বাঘা, উপজেলা: বাঘা, জেলা: রাজশাহী।
- ১৪। অফিস কপি।

(এ বি এম সিরাজুল হক)  
উপসচিব (প্রশাসন শাখা)